মিরপুর ডিওএইচএস পরিষদ
মিরপুর, ঢাকা- ১২১৬
তারালাপনী ঃ ৪৪৮০৬৬৪৪
ই-মেইলঃ mirpurdohsporishod@gmail.com

১৭৪২/ডিওএইচএস/মিরপুর/এস-১ ১৯ আগষ্ট ২০২৫

# মিরপুর ডিওএইচএস এ হাউজ/ফ্ল্যাট ওনার্স এসোসিয়েশন (HOA/FOA) পরিচালনার নীতিমালা

বরাত:

ক। মিরপুর ডিওএইচএস পরিষদ পত্র নং ১৭৪২/ডিওএইচএস/মিরপুর তারিখ ৩০ এপ্রিল ২০২৩।
খ। মিরপুর ডিওএইচএস পরিষদ পত্র নং ১৭০৪/ডিওএইচএস/মিরপুর/ইসি সভা-৩০/আইটেম-১২(ক) তারিখ ১০ আগস্ট ২০২৫।

১। **ভূমিকা:** মিরপুর ডিওএইচএস (Mirpur Defence Officers Housing Scheme) প্রতিরক্ষাখাত হতে বেতনভুক্ত সামরিক ও বেসামরিক উর্দ্ধতন কর্মকর্তাদের একটি আবাসিক এলাকা। এছাড়াও এখানে অনেক ব্যক্তিবর্গ ক্রয়সূত্রে এবং ভাড়াটিয়া হিসেবে বসবাস করেন। এই পরিপাটি আবাসিক এলাকায় মিলেমিশে সুন্দরভাবে বসবাস করার গুরুত্ব অপরিহার্য। সে লক্ষ্যে প্লট মালিক ও তাঁর ওয়ারিশগণ এবং ফ্ল্যাট ক্রেতা ও তাঁদের ওয়ারিশগণ এই এলাকার ব্যবস্থাপনার জন্য দায়িত্বপ্রাপ্ত। মিরপুর ডিওএইচএস পরিষদ এবং যথাযথ সেনা কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নীতিমালা/নির্দেশাবলী স্বপ্রণোদিত হয়ে পালন করবেন এটাই প্রত্যাশিত।

২। এই লক্ষ্যেকে সামনে রেখে একটি খসড়া নীতিমালা প্রণয়ন করা হয় যা বরাত 'খ' এর মাধ্যমে অনুমোদিত হয়। বরাত 'খ' এর সিদ্ধান্ত মোতাবেক, এই নীতিমালা সাময়িক (Provisional) ভাবে এখন হতে কার্যকর হবে এবং প্লট মালিক/ফ্ল্যাট মালিকদের নিকট হতে কোন পরামর্শ বা সংশোধনীর প্রস্তাব পাওয়া গেলে, তা সংযোজন/বিয়োজনসহ নীতিমালাটি পরবর্তী এজিএম এ অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে।

৩। **লক্ষ্য ও উদ্দেশ্য :**

ক। ডিওএইচএস পরিষদ গঠনতন্ত্র (বরাত 'খ') ধারা ৭৬ অনুয়ায়ী House Owners Association/Flat Owners Association (HOA/FOA) গঠন করা এবং গঠনতন্ত্র ও এই নীতিমালার সাথে সামঞ্জস্যপূর্ণ হাউজ/স্থাপনার Article of Association (AoA) প্রণয়ন করা।

খ। ডিওএইচএস সেন্ট্রাল কমিটি, ক্যান্টনমেন্ট বোর্ড, মিরপুর ডিওএইচএস পরিষদ ও যথাযথ সেনা কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিধি-বিধান ও নির্দেশাবলী স্বপ্রণোদিত হয়ে মেনে চলা।

গ। বসবাসকারী সকলে যেন নীতিমালার আলোকে সুন্দর পরিবেশ ও পারস্পরিক সমঝোতার ভিত্তিতে যোগাযোগ ও সৌহার্দপূর্ণ সম্পর্ক বজায় রেখে হাউজ/স্থাপনায় বসবাস করতে পারেন।





CamScanner

ঘ। HOA/FOA এর AoA আলোকে এবং প্রয়োজনে সংশ্লিষ্ট সকল প্লট/ফ্ল্যাট মালিক ও ভাড়াটিয়াদের সাথে আলোচনার মাধ্যমে হাউজ/স্থাপনার ব্যবস্থাপনা সম্পর্কিত সকল সমস্যা/চাহিদার কার্যকরী সমাধান করা।

ঙ। অগ্নিনির্বাপন ব্যবস্থা, স্থাপনার নিরাপত্তা ও স্থাপনার সকল ধরনের রক্ষণাবেক্ষণ নিশ্চিত করা।

৪। **HOA/FOA এর সভাপতি, সেক্রেটারী ও অন্যান্য পদ নির্ধারণ ও নির্বাচন :**

ক। **সভাপতি নির্ধারণ/নির্বাচন ঃ**

(১) লিজ গ্রহীতা/প্লট মালিক ডিওএইচএস গঠনতন্ত্র ধারা ৭৬(২) মোতাবেক হাউজ/স্থাপনার সভাপতি হবেন। প্লট মালিকের অনুপস্থিতিতে তাঁর Spouse (স্ত্রী/স্বামী) সভাপতি হবেন।

(২) যৌথ প্লটের ক্ষেত্রে, প্লট মালিকদের মধ্যে আলোচনা বা ভোটের মাধ্যমে সভাপতি নির্ধরিত বা নির্বাচিত হবেন।

(৩) একক প্লটে লিজ গ্রহীতা/প্লট মালিক ও Spouse একত্রে দীর্ঘদিন (কম পক্ষে ৩ মাস) অনুপস্থিত থাকলে সভাপতি কর্তৃক ফ্ল্যাট মালিকদের মধ্য হতে একজনকে ভারপ্রাপ্ত সভাপতি মনোনীত করবেন।

খ। **সেক্রেটারী ও অন্যান্য পদ নির্ধারণ/নির্বাচন ঃ**

(১) একক প্লটের ক্ষেত্রে সেক্রেটারী ও অন্যান্য পদ নির্বাচনের মাধ্যমে নির্ধারণ করা হবে।

(২) যৌথ প্লটের ক্ষেত্রে প্লট মালিক বা তাঁদের Spouse দের মধ্য হতে প্লট মালিকদের মধ্যে আলোচনা/ভোটের মাধ্যমে নির্ধারণ করা হবে।

গ। এই সকল পদের মেয়াদকাল, নির্বাচন, মনোনয়ন ও দায়িত্ব সমূহ AoA তে উল্লেখ থাকবে।

ঘ। **নিম্নবর্ণিত শর্তানুযায়ী ভোটার নির্ধারণ হবে ঃ**

(১) যে সকল ইউনিট হতে সার্ভিস চার্জ আদায় করা হয় তার প্রতিটি ইউনিট ১টি ভোট হিসেবে বিবেচিত হবে। সিঙ্গেল রুম ইউনিট বা ৮০০ বর্গফুটের কম, নিচতলা ও ছাদে কোন ইউনিট এবং অনুমোদিত ইউনিট থাকলে তা ভোটের জন্য বিবেচিত হবে না।

(২) প্লট মালিক, ফ্ল্যাট মালিক ও নামজারীকৃত ওয়ারিশগণ ভোটের জন্য যোগ্য হবেন। এছাড়াও, যে সকল ফ্ল্যাট ক্রেতা ফ্ল্যাটের মালিকানা ভোগ করছেন এবং ফ্ল্যাট মালিকের ন্যায় স্থাপনার সকল যৌথ ব্যয়'তে সমানুপাতিক হারে অংশ নিয়ে থাকেন, তাঁরাও ভোটের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন।

(৩) ফ্ল্যাটের মালিকানা নিয়ে আদালতে কোন অমিমাংসিত মামলা থাকলে, উক্ত ফ্ল্যাট মালিক/ফ্ল্যাট ক্রেতা ভোটের জন্য অযোগ্য বিবেচিত হবেন এবং উক্ত ইউনিটের ভোট বাতিল বলে গণ্য হবে।

(৪) ভোট গ্রহনের ক্ষেত্রে প্রয়োজনে অনলাইন/ভিডিও কলের মাধ্যমে ভোট নেয়া যেতে পারে যা AoA তে উল্লেখ থাকবে।

(৫) হাউজ/স্থাপনা এবং পরিষদের সার্ভিস চার্জ হালনাগাদ পরিশোধ থাকতে হবে।





CamScanner

৫। **লিজ গ্রহীতা/প্লট মালিক এবং ফ্ল্যাট মালিকের দায়িত্ব ও কর্তব্য:**

ক। সাবস্টেশন, জেনারেটর, লিফট প্রতিস্থাপন, বাড়ির রং বা বড় ধরনের কোন মেরামত ইত্যাদি, প্লট মালিক/লিজ গ্রহীতা ও তাঁর স্বামী/স্ত্রী (spouse) এবং ফ্ল্যাট মালিক/ফ্ল্যাট ক্রেতা ও তাঁর স্বামী/স্ত্রী (spouse) কে সমহারে পরিশোধ করতে হবে।

খ। ভবনের ব্যবস্থাপনা সম্পর্কিত বিষয়ে এসোসিয়েশনের যে সিদ্ধান্ত হবে, তা প্লট মালিক, ফ্ল্যাট মালিক/ফ্ল্যাট ক্রেতা এবং ভাড়াটিয়াসহ সবাইকে মেনে চলতে হবে। ভবনের নিরাপত্তা, অগ্নি নিরাপত্তা, রক্ষণাবেক্ষণ ও শৃঙ্খলার বিষয়ে হাউজ/স্থাপনার বাসিন্দাগণ নিজ দায়িত্ব পালনের সাথে সাথে HOA/FOA এবং পরিষদকে সক্রিয় ও সর্বাত্মক সহযোগিতা করবেন।

গ। প্লট মালিক ও ফ্ল্যাট মালিক/ফ্ল্যাট ক্রেতা হাউজ/স্থাপনার সকল দ্বিপাক্ষিক ও সামষ্টিক সমস্যা আলোচনার মাধ্যমে সমাধানে সচেষ্ট থাকবেন। এ জন্য AoA তে প্রয়োজনীয় নির্দেশাবলী অন্তর্ভূক্ত করা হবে। এই নির্দেশাবলীর মূল লক্ষ্য হবে হাউজ/স্থাপনার সকল চলমান সমস্যা নিজেদের মধ্যে মিটিয়ে ফেলা।

ঘ। ফ্ল্যাট মালিকগণ ফ্ল্যাটের নামজারি ও ভোটার হওয়া সাপেক্ষে বরাত 'খ' এর ধারা ৭ (১) অনুযায়ী পরিষদের নিয়মিত সদস্য (Regular Member) হিসেবে বিবেচিত হবেন।

ঙ। **ছাদের মালিকানা ও ছাদ ব্যবহার :**

(১) প্রতিরক্ষা মন্ত্রণালয় হতে অনুমোদিত সংশোধিত ডিওএইচএস নীতিমালা ২০০৫ এর ক্রোড়পত্র গ-১ এর অনুচ্ছেদ ৩ অনুযায়ী "বাড়ীর সম্পূর্ণ ছাদের মালিকানা মূল ইজারাদারেরই মালিকানা সত্বে থাকিতে হইবে"।

(২) ডিওএইচএস সেন্ট্রাল কমিটির ৪৯তম সভা তারিখ ১২ এপ্রিল ২০১০ এর আলোসূচী-১১ এর সিদ্ধান্ত অনুযায়ী "বাড়ীর ছাদের মালিকানা যথারীতি মূল মালিকানায় থাকবে। তবে, বাড়ীতে সকল ফ্ল্যাট ক্রেতা/ভাড়াটিয়াগণ ছাদ ব্যবহারের অধিকার/সুযোগ পাবে"।

(৩) উপরোক্ত সিদ্ধান্তের ২য় বাক্যটি প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্তে না থাকায় পরবর্তীতে ডিওএইচএস সেন্ট্রাল কমিটির ৫৫তম সভা তারিখ ১২ ডিসেম্বর ২০১৮ আলোচ্যসূচি-১১ এবং ৬০তম সভা তারিখ ১৯ জুন ২০২৪ আলোচ্যসূচি-৬.১ এ উত্থাপন করা হয়। উভয় মিটিং এ ৪৯তম সভার আলোচ্যসূচি-১১ এর সিদ্ধান্ত বহাল রাখা হয়।

(৪) উপরোক্ত সিদ্ধান্ত সমূহের আলোকে হাউজ/স্থাপনার শান্তি, সহযোগিতা, নিরাপত্তা ও সৌহার্দ্যপূর্ণ সম্পর্ককে লক্ষ্য রেখে এবং বিধি মোতাবেক প্লট মালিকের মালিকানার বিষয়টি বিবেচনায় রেখে AoA তে প্রয়োজনীয় নীতিমালা অন্তর্ভূক্ত করবেন।





CamScanner

৬। **ভাড়াটিয়া নির্বাচন ও ভাড়াটিয়াগণের কর্তব্য:**

ক। কেবলমাত্র লিখিত চুক্তির মাধ্যমে বাসা ভাড়া প্রদান করতে হবে। যা ফ্ল্যাট মালিক ও ভাড়াটিয়া উভয়ের আইনগত অধিকার সংরক্ষণে সহায়ক হবে।

খ। চুক্তি অনুযায়ী ভাড়াটিয়া তার অধিকার ও সুযোগ সুবিধা পাবেন, যা এই নীতিমালা এবং পরিষদ কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত নির্দেশিকার সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

গ। ভাড়া প্রদানের সময় ভাড়াটিয়ার তথ্য ভালভাবে যাচাই-বাছাই করতে হবে এবং ভাড়াটিয়ার তথ্য সম্বলিত 'ভাড়াটিয়া নিবন্ধন ফরম' পূরণ করে চুক্তিপত্রের তারিখ হতে ১৫ দিনের মধ্যে পরিষদে প্রেরণ করতে হবে। অনুরুপভাবে ভাড়া চুক্তিনামার কপি ২ মাসের মধ্যে পরিষদে প্রেরণ করতে হবে।

ঘ। ভাড়াটিয়াগণ মিরপুর ডিওএইচএস এলাকায় কোন অসামজিক/অনৈতিক কার্যকলাপে জড়িত হলে তাদের বিরূদ্ধে আইনগত ব্যবস্থাসহ ৪৮ ঘন্টার মধ্যে উচ্ছেদ করা যেতে পারে।

ঙ। ডিওএইচএস সেন্ট্রাল কমিটির সিদ্ধান্ত অনুযায়ী যে সকল প্রতিষ্ঠান/দোকান/ষ্টোর/অফিস ইত্যাদিতে নিষেধাজ্ঞা রয়েছে, সেসব কাজের জন্য কোন প্রতিষ্ঠান/দোকান/ষ্টোর/অফিস ইত্যাদি ভাড়া দেয়া যাবে না। HOA/FOA বরাত 'খ' অনুযায়ী প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা নিবেন। ভাড়া প্রদানের ক্ষেত্রে বরাত 'গ' এ উল্লেখিত ডিসিসি কর্তৃক প্রদত্ত নীতিমালা অনুসরণ করে পারিবারিক বাসস্থান ছাড়াও অন্যান্য ভাড়া প্রদান করা যাবে।

চ। কোন ধরনের সাবলেট প্রদান করা গ্রহনযোগ্য নয়।

ছ। পরিষদের নির্দেশাবলী যা সকল বাসিন্দাদের জন্য প্রযোজ্য, তা ভাড়াটিয়াদের অবগত করা নিশ্চিত করতে হবে। ভাড়াটিয়াকে পরিষদের নির্দেশাবলী মেনে চলতে হবে।

৭। **নিরাপত্তা সংক্রান্ত বিষয়াবলি :**

ক। হাউজ/স্থাপনায় ২৪ ঘন্টা নিরাপত্তা কর্মীর ব্যবস্থা থাকতে হবে।

খ। হাউজ/স্থাপনার চতূর্পার্শ্বে ক্লোজ সার্কিট (CC) ক্যামেরা স্থাপন করতে হবে, যেন সবদিকের ভিডিওসহ যে স্থান সমূহ নিরাপত্তা কর্মীদের নজরে আসে না, তা সিসি ক্যামেরার আওতায় আসে। Dvr/Nvr এ ১ মাস এর রেকর্ড রাখা বাঞ্চনীয় ।

গ। পরিষদের সার্বিক নিরাপত্তার সহযোগিতার প্রয়োজনে হাউজ/স্থাপনার সামনের রাস্তার উভয়দিকে সিসি ক্যামেরা স্থাপন প্রত্যাশিত।





CamScanner

ঘ। হাউজ/স্থাপনায় নিরাপত্তা কর্মী, গৃহকর্মী, গাড়ী চালক, পরিচারিকা বা অন্য কোন নিয়োগ প্রদানের পূর্বে পরিচয় নিশ্চিত হওয়ার জন্য যথাসম্ভব প্রচেষ্টা নিতে হবে। এরুপ সকল কর্মচারী মিরপুর ডিওএইচএস এ প্রবেশ/বাহির সহজতর করার জন্য পরিষদ হতে অস্থায়ী পাশ গ্রহণ করতে হবে। যথাসম্ভব Reference এর মাধ্যমে এসব কর্মচারী নিয়োগ দিতে হবে।

ঙ। মেহমান/আগন্তুকদের তথ্য রাখার জন্য রিসিপসনে রেজিষ্টার সংরক্ষণ করা যেতে পারে।

চ। ফ্ল্যাটে কোন রাজনৈতিক সভা/সমাবেশ, উচ্চস্বরে গান-বাজনা বা অন্য কোন আচার-আনুষ্ঠান যা প্রতিবেশির উৎকন্ঠা বা অসুবিধার সৃষ্টি করে তা পরিহার করতে হবে।

ছ। হাউজ/স্থাপনায় জরুরী টেলিফোন নাম্বার সহজে নিরাপত্তা কর্মীরা দেখতে পায় এমন জায়গায় রাখতে হবে। এছাড়াও পরিষদের ওয়েব সাইট এ জরুরী নাম্বার দেয়া রয়েছে ঃ

(১) কন্ট্রোল রুম নাম্বার - ০১৮১৪০১৫৩৬৬
(২) পল্লবী ফায়ার ব্রিগেড নাম্বার- ০১৯০১০২০৭৮৪

৮। **অগ্নি নিরাপত্তা সংক্রান্ত ঃ**

ক। প্রতি ফ্লোরে ও বৈদ্যুতিক সাবস্টেশনে কার্যক্ষম অগ্নিনির্বাপক যন্ত্র রাখতে হবে। নিয়োজিত গার্ডদেরকে অগ্নিনির্বাপক যন্ত্রের ব্যবহারের প্রশিক্ষণ দিতে/থাকতে হবে।

খ। রান্নাঘরে কমপক্ষে ১ লিটার ফায়ার এক্সটিংগুইসার(অ্যারোসল টাইপ) রাখতে হবে।

গ। কোনো ফ্ল্যাটের সকল বাসিন্দা বাসায় অনুপস্থিত থাকলে বৈদ্যুতিক নিরাপত্তা, গ্যাস ও অগ্নিসংক্রান্ত নিরাপত্তা নিশ্চিত করতে হবে।

ঘ। জরুরি/অগ্নিকান্ড/ভূমিকম্পের সময়ে ভবন থেকে নিরাপদে বাহির হওয়ার জন্য সিঁড়িতে ডেকোরেশন পিছ, সু-র‍্যাক ইত্যাদি রেখে প্রতিবন্ধকতা সৃষ্টি করা যাবে না।

৯। **বিল্ডিং রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা সংক্রান্ত ঃ**

ক। হাউজ/স্থাপনার জন্য প্রয়োজনে একটি যৌথ ব্যাংক হিসাব খোলা যেতে পারে। একাউন্ট খোলা ও তা পরিচালনা সংক্রান্ত বিস্তারিত AoA এ অন্তর্ভূক্ত করতে হবে। হাউজ/স্থাপনার মাসিক আয় ও ব্যয় সংক্রান্ত নির্দেশাবলী AoA তে অন্তর্ভূক্ত থাকবে। ব্যাংক একাউন্ট সভাপতি/Spouse/ভারপ্রাপ্ত সভাপতি এবং সচিব/ট্রেজারারের স্বাক্ষরে পরিচালিত হবে।





CamScanner

খ। বাড়ীর সামনে এবং বাউন্ডারী ওয়াল পরিষ্কার-পরিচ্ছন্নতার প্রতি সকলকে তৎপর থাকতে হবে এবং পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করতে হবে।

গ। গ্যারেজ পরিষ্কার-পরিচ্ছন্ন এবং গাড়ি ধোয়ার জন্য পানির অপচয় রোধে পানির পাইপ বা ওয়াটার ট্যাপ (running water) ব্যবহার করা যাবে না। গ্যারেজ থাকা সাপেক্ষে অফিস ভাড়া দেওয়া যাবে। কোনো ভাবেই বাসার সামনে অফিসের গাড়ি পার্কিং করা যাবে না।

ঘ। লিফটের সঠিক রক্ষণাবেক্ষণ এবং আয়ুষ্কাল বাড়ানোর জন্য HOA/FOA এর সিদ্ধান্তক্রমে চালু/বন্ধের নিয়ম করা যেতে পারে। লক্ষ্য রাখতে হবে যেন এর ফলে নিয়মিত কোন অসুবিধার সৃষ্টি না হয়। এ জন্য দিনে যথাসম্ভব লিফট বন্ধ রাখা পরিহার করতে হবে।

ঙ। প্রত্যেক বসবাসকারীগণকে লক্ষ্য রাখতে হবে যে বাসার কাজের লোক যেনো কিচেনের কোনো আবর্জনা জানালা দিয়ে নিচে না ফেলে। এজন্য মাঝে মাঝে তাদের প্রেষণা দিতে হবে।

চ। কিচেন আর্বজনা পলিব্যাগে মুড়িয়ে সুনির্দিষ্ট পাত্রে বিল্ডিং এর নিচে রাখতে হবে। কোনোভাবেই গেটের বাহিরে রাখা যাবে না।

ছ। হাউজ/স্থাপনার সার্ভিস চার্জ যেমন: নিরাপত্তা কর্মী বেতন ও বোনাস, কমন বিদ্যুৎ বিল, পানির বিল, পানির মটর, লিফট ও জেনারেটর, ইন্টারকম ও অগ্নিনির্বাপক যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ, কমন লাইট, ক্লিনারের বেতন ও ক্লিনিং সামগ্রী এবং সেফটিক ট্যাংক ও পানির ট্যাংক পরিষ্কার করণ, ইত্যাদি সার্ভিস চার্জে অন্তর্ভূক্তির বিষয়ে AoA এ উল্লেখ থাকবে।

জ। HOA/FOA এর সিদ্ধান্ত অনুযায়ী প্লটের সার্ভিস চার্জ প্রতিটি ফ্লোরে বসবাসরতদের মধ্যে সমতার ভিত্তিতে বন্টন করতে হবে।

১০। <u>অন্যান্য বিষয় সংক্রান্ত</u> :

ক। যথাসম্ভব তিন মাস অন্তর অন্তর প্লট মালিক ও ফ্ল্যাট মালিকগণ সম্মেলন করবেন।

খ। এছাড়াও HOA/FOA এর সদস্যদের নিয়ে একটি বার্ষিক সভা অনুষ্ঠান করতে হবে। উক্ত বার্ষিক সভার মিনিটস এর কপি পরিষদকে প্রেরণ করতে হবে।

গ। বসবাসকারী সবাইকে যুক্ত করে অনলাইনে (সামাজিক যোগাযোগ মাধ্যমে) গ্রুপ কার্যকর করা বাঞ্চনীয়, যাতে নিজেদের মধ্যে যেকোনো তথ্য সহজে আদান-প্রদান করা যায়।



CamScanner

ঘ। মালিকানাবিহীন প্রাণীকে রাস্তায় অথবা অন্য কোনো স্থানে খাবার দেয়া যাবে না। যদি কেউ এরুপ খাবার দেয়া জরুরী মনে করেন, সেক্ষেত্রে HOA/FOA এর সম্মতিক্রমে হাউজ/স্থাপনার মধ্যে খাবার দিতে হবে এবং প্রাণীর দায়িত্ব নিতে হবে।

ঙ। দালানে উম্মুক্তভাবে পোষ্যপ্রাণী যেমন: কুকুর, বিড়াল, পশু-পাখি লালন পালন করা যাবে না। তবে, ব্যক্তিগত ফ্ল্যাটে লালন-পালন করতে হলে ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা সেনানিবাসের অনুমতি নিয়ে রাখতে হবে। পোষাপ্রানীর প্রাকৃতিক কর্ম যথাযথ স্থানে করাতে বা রাখতে হবে, অন্যের প্লটের আশেপাশে করানো যাবে না।

চ। প্লট এর বাহিরে কেবলমাত্র পরিষদের অনুমতি সাপেক্ষে বড় জাতের গাছ লাগনো যাবে, তবে শাক-সবজি চাষ করা যাবে না। প্লটের বাহিরে বেড়া জাতীয় কিংবা অন্য কোন স্থায়ী স্থাপনা তৈরী করা যাবে না। পরিষদ, ক্যান্টনমেন্ট বোর্ড, ডেসকো বা ওয়াসা কর্তৃক যৌক্তিক প্রয়োজনে প্লটের বাহিরের এসব গাছ, বাগান ইত্যাদি, যে কোন সময় ছাঁটাই বা কর্তন করা যাবে । এ জন্য কোন ওজর, আপত্তি ও অভিযোগ গ্রহণযোগ্য হবে না।

ছ। অনুমোদিত অফিস ও প্রতিষ্ঠান ব্যতীত অন্য কোন অননুমোদিত দোকান, গুদাম/ষ্টোর, প্রতিষ্ঠান থাকলে তা HOA/FOA এর দায়িত্বে অপসারনের ব্যবস্থা করতে হবে।

১১। উপরোক্ত বিষয়গুলো বিবেচনায় নিয়ে হাউজ/স্থাপনার জন্য প্রযোজ্য AoA প্রনয়ণ করা হবে এবং HOA/FOA গঠন করা হবে। উক্ত AoA এবং গঠিত HOA/FOA এর কপি আগামী ৩১ ডিসেম্বর ২০২৫ এর মধ্যে পরিষদে প্রেরণ করতে অনুরোধ করা হলো।

১২। এই পত্রের মাধ্যমে বরাত 'ক' অতিক্রান্ত করা হলো।

**লে. কর্নেল মো. মাহফুজ হোসেন (অব.)**
সেক্রেটারী
মিরপুর ডিওএইচএস পরিষদ

বিতরণ ঃ

বর্হিগমন ঃ

কার্যক্রম ঃ

( সংশ্লিষ্ট সকলকে )





CamScanner